


# প্রথম আলো

প্রথম আলো, ২০১৮-০১-১৯, পৃঃ ০৫



ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে এক কৃতী ঘৃতকে পদক পরিয়ে নিজেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ । ছবি: সংগৃহীত



## জ্ঞানভিত্তিক সমাজের জন্য চাই বেসরকারি উদ্যোক্তাদের

### ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, সমাজের একটি বড় অংশ উচ্চশিক্ষা থেকে বধিত। তাদের মধ্যে উচ্চশিক্ষার আলো ছড়িয়ে দিয়ে জ্ঞানভিত্তিক সমাজ ও দেশপ্রেমিক মানুষ গড়তে সরকারের পাশাপাশি বেসরকারি উদ্যোক্তা ও জনদরদি মানুষকে এগিয়ে আসতে হবে।

গতকাল বৃহস্পতিবার রাজধানীর আফতাবনগরে ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে বিশ্ববিদ্যালয়টির ১৭তম সমাবর্তন অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। সমাবর্তন অনুষ্ঠানে রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়গুলোর আচার্যের প্রতিনিধি হিসেবে তিনি বক্তব্য দেন। এবারের সমাবর্তনে বিভিন্ন বিভাগের ১ হাজার ৮৪০ জন শিক্ষার্থীকে সনদ দেওয়া হয়। অনন্য মেধাবী তিনজন শিক্ষার্থীকে স্বর্ণপদক পরিয়ে দেন শিক্ষামন্ত্রী।

শিক্ষামন্ত্রী আরও বলেন, শিক্ষাপ্রতিষ্ঠান যারা গড়ে তুলছেন, তাদের লক্ষ্য হতে হবে সমাজসেবা। শিক্ষাকে পণ্য করে মুনাফা অর্জনের জন্য শিক্ষাপ্রতিষ্ঠান নয়।

সমাবর্তন বক্তব্য চাকা বিশ্ববিদ্যালয়ের ইমেরিটাস অধ্যাপক আনিসুজ্জামান বলেন, বর্তমানে সারা বিশ্বে মানবিক মূল্যবোধের অবনতি ঘটছে। তাই তরঙ্গদের একাডেমিক ও পেশাগত অর্জনের বাইরেও সহিষ্ণু সমাজব্যবস্থা এবং দেশ গঠনের জন্য দায়িত্বশীল মানুষ হতে হবে।

অনুষ্ঠানে আরও বক্তব্য দেন ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সভাপতি ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর মোহাম্মদ ফরাসউদ্দিন এবং বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এম এম শহিদুল হাসান। তারা বলেন, দেশের অর্থনৈতিক অগ্রগতিতে ভূমিকা রাখতে তরঙ্গদের দেশপ্রেমিক এবং উদ্যোক্তা হতে হবে।

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সদস্য, বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের চেয়ারপারসন, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী, গ্র্যাজুয়েট ও তাদের অভিভাবকেরা অংশ নেন। বিজ্ঞপ্তি